

বাহির পথে বিবাগি হিয়া কিসের খোঁজে গেলি,
আয় রে ফিরে আয়।

পুরানো ঘরে দুয়ার দিয়া ছেঁড়া আসন মেলি
বসিবি নিরালায় ॥

সারাটা বেলা সাগরধারে কুড়ালি যত নুড়ি,
নানারঙের শামুক-ভারে বোঝাই হল ঝুড়ি,
লবণপারাবারের পারে প্রখর তাপে পুড়ি
মরিলি পিপাসায় -

চেউয়ের দোল তুলিল রোল অকূলতল জুড়ি,
কহিল বাণী কী জানি কী ভাষায় ॥

বিরাম হল আরামহীন যদি রে তোর ঘরে,
না যদি রয় সাথি,

সন্ধ্যা যদি তন্দ্রালীন মৌন অনাদরে,
না যদি জ্বালে বাতি,

তবু তো আছে আঁধার কোণে ধ্যানের ধনগুলি -
একেলা বসি আপন-মনে মুছিবি তার ধূলি,
গাঁথিবি তারে রতনহারে বুকেতে নিবি তুলি
মধুর বেদনায় ।

কাননবীথি ফুলের রীতি নাহয় গেছে ভুলি,
তারকা আছে গগনকিনারায় ॥

Parjaay: Prem, Taal: Jhampak, Raag: Brindavani Sarang
Visit www.geetabitan.com for notation and other detail